

# রাজনীতি নিষিদ্ধ ক্যাম্পাসে ছাত্রদলের ফরম বিতরণের চেষ্টা, উত্তেজনা

অনলাইন ডেস্ক

২৩ ফেব্রুয়ারি, ২০২৫  
১৯:৫৬

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

ছাত্ররাজনীতি নিষিদ্ধ থাকা চট্টগ্রাম কলেজ ক্যাম্পাসে দলীয় ফরম ও লিফলেট বিতরণ করতে গেলে একদল শিক্ষার্থীর প্রতিরোধের মুখে পড়েছেন শাখা ছাত্রদলের নেতাকর্মীরা। এতে উভয় পক্ষের মধ্যে বাগবিতণ্ডার ঘটনা ঘটেছে।

আজ রবিবার (২৩ ফেব্রুয়ারি) দুপুর ১২টার দিকে কলেজ ক্যাম্পাসে এ ঘটনা ঘটে।

জানা যায়, আজ দুপুর ১২টার দিকে চট্টগ্রাম কলেজ ছাত্রদল নেতা রিডুয়ান রিডুর নেতৃত্বে ১০-১২ জনের একটি দল ক্যাম্পাসে দলীয় ফরম ও লিফলেট বিতরণের চেষ্টা করে।

এ সময় তাদের সঙ্গে বহিরাগতরাও ছিল। এতে কলেজের একদল শিক্ষার্থী বাধা দেন। এ সময় ছাত্রদল নেতা রিডু সাধারণ শিক্ষার্থীদের ওপর চড়াও হয় বলে দাবি শিক্ষার্থীদের। পরে শিক্ষার্থীদের প্রতিরোধের মুখে বহিরাগতদের ক্যাম্পাস থেকে বের করে দেওয়া হয়।

## আরো পড়ুন



আমার রাজনৈতিক ক্যারিয়ার ধ্বংসের ষড়যন্ত্র হচ্ছে : বিএনপি নেত্রী

শিরিন

এ বিষয়ে কলেজ শাখা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক সাইফুল করিম বলেন, ‘সাধারণ শিক্ষার্থীদের সঙ্গে ছাত্রদলের সবসময় ভালো সম্পর্ক ছিল, আছে, থাকবে। আমাদের কয়েকজন কর্মী ক্লাস করতে গেলে পূর্বপরিকল্পিতভাবে শিবিরের সভাপতি-সেক্রেটারি তাদের ওপর হামলা চালায়। আমাদের কেউ সেখানে ফরম বিতরণ করতে যাইনি।’

এ বিষয়ে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চট্টগ্রাম মহানগরের যুগ্ম আহ্বায়ক হামিম আব্দুল্লাহ বলেন, ‘তীব্র ছাত্র-গণ-আন্দোলনের মুখে আওয়ামী লীগ সরকারের পতনের পর চট্টগ্রাম কলেজে রাজনীতি বন্ধ থাকলেও ছাত্রদের এক নেতা বহিরাগতদের নিয়ে ক্যাম্পাসে ঢোকার চেষ্টা করে।

তবে সাধারণ শিক্ষার্থীদের প্রতিবাদের মুখে তারা বের হতে বাধ্য হয়।’

চট্টগ্রাম উত্তর জেলা ছাত্রশিবিরের সভাপতি জুয়েল বলেন, “চট্টগ্রাম কলেজে ছাত্ররাজনীতি নিষিদ্ধ করার পর ছাত্রদের চাওয়াকে সম্মান করে আমরা কোনো কার্যক্রম পরিচালনা করছি না। ছাত্রশিবির সব সময় শিক্ষার্থীদের চাওয়াকে মূল্যায়ন করেছে। তাই এখানে ছাত্রশিবিরের নাম আসার সুযোগ নেই। সব জায়গায় ছাত্রশিবিরের নাম দেওয়া চিরাচরিত নিয়ম হয়ে গেছে।

সেদিন তো দেখলেন ছাত্রদের কেন্দ্রীয় সভাপতি বললেন ‘ছাত্রশিবিরের ওপর দায় দিয়ে দাও’।”

প্রসঙ্গত, গত বছরের ১ অক্টোবর চট্টগ্রাম কলেজের একাডেমিক কাউন্সিলের সভায় ক্যাম্পাসে রাজনীতি নিষিদ্ধ করার সিদ্ধান্ত নেওয়া হয়। সেই অনুযায়ী, অক্টোবর মাসের প্রথম দিন থেকেই ক্যাম্পাসে সব ধরনের রাজনৈতিক তৎপরতা, মিছিল, সভা ও সমাবেশ নিষিদ্ধ করা হয়।